# সরকারের ব্যর্থতা জনগণের সামনে তুলে ধরছে এনসিপি: সারজিস



সারজিস আলম। ছবি: সংগৃহীত

সরকারের গত ছয় মাসের বিভিন্ন ব্যর্থতা ও সীমাবদ্ধতা জনগণের সামনে তুলে ধরতে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) কাজ করছে বলে মন্তব্য করেছেন দলটির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম।

তিনি বলেন, সরকারের কর্মকাণ্ডের যৌক্তিক সমালোচনার জন্য ছায়া মন্ত্রিসভার মতো যেকোনো উদ্যোগকে এনসিপি ইতিবাচকভাবে দেখে। সরকারের ভুল ও ব্যর্থতাগুলো তুলে ধরে জনগণের কাছে বাস্তব চিত্র প্রকাশ করাই তাদের লক্ষ্য।

শুক্রবার (২৮ আগস্ট) দুপুরে সাংগঠনিক সফরে লক্ষ্মীপুরে গিয়ে চকবাজার জামে মসজিদে জুমার নামাজ আদায়ের পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন সারজিস।

তিনি আরও বলেন, সরকার সঠিক পথে পরিচালিত না হলে এর ক্ষতি শুধু বিএনপির মধ্যে সীমাবদ্ধ থাকবে না, এর নেতিবাচক প্রভাব পুরো দেশের ওপর পড়বে।

এনসিপি সংসদের ভেতরের পাশাপাশি রাজপথেও বিরোধী দলের দায়িত্বশীল ভূমিকা পালন করে যাবে বলেও জানান তিনি।

LENS ASIA